



## বিএনপির প্রতিক্রিয়া আন্তর্জাতিক মানদণ্ডে রায়ে ন্যায়বিচার



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর মন্তব্য করেছেন, আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে শেখ হাসিনা ও তার দুই দোসরের বিরুদ্ধে দেওয়া রায়ে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে। তিনি বলেন, আইনের শাসন এবং ন্যায়বিচার প্রতিষ্ঠায় বিএনপি দৃঢ়প্রতিজ্ঞ।

সোমবার (১৭ নভেম্বর) দলটির স্থায়ী কমিটির বৈঠকের পর তিনি বলেন, আদালত ফ্যাসিস্ট শেখ হাসিনা ও তার দোসর, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান কামালকে আইনের বিধান অনুযায়ী সর্বোচ্চ সাজা প্রদান করেছে।

মির্জা ফখরুল আরও বলেন, এই রায়ের মাধ্যমে দীর্ঘ ১৬ বছরের গুম, হত্যাকাণ্ড ও বিচারবহির্ভূত হত্যার শিকার, পাশাপাশি ২০২৪ সালের ছাত্র গণঅভ্যুত্থানে রাষ্ট্রীয় সন্ত্রাসের শিকার সহস্রাধিক শহীদের আত্মা শান্তি পাবে। এছাড়া আহত, নিহত এবং গুমের শিকার পরিবারের ক্ষোভও কিছুটা প্রশমিত হবে।

তিনি জনগণকে সর্বদা সচেতন থাকার আহ্বান জানিয়ে বলেন, আইনের শাসন ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় বিএনপি প্রতিশ্রুতিবদ্ধ।

LENS ASIA